

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 06 July, 2025

শেরপুরে ‘দমদমা কালিগঞ্জ সামাজিক সংস্থা’ নামে একটি সামাজিক সংগঠনের আত্মপ্রকাশ ঘটেছে। জেলা শহরের ৮ নং পৌর ওয়ার্ডের দমদমা কালিগঞ্জ এলাকায় গড়ে এ সংগঠনের মূল উদ্দেশ্য হলো সমাজে স্বেচ্ছাসেবার সংস্কৃতি গড়ে তোলা, ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠানে পরিচ্ছন্নতা, রক্তদান, বৃক্ষরোপণ, ফ্রি মেডিকেল ক্যাম্প, জনসচেতনতামূলক কার্যক্রম এবং প্রযুক্তিনির্ভর উন্নয়ন। বর্তমানে সংগঠনের সক্রিয় সদস্য সংখ্যা ৩০ জন। প্রত্যেকে নিজ উদ্যোগে নিজ নিজ এলাকাতেই কাজ করছেন।

সম্প্রতি উদ্বোধনী দিনে প্রতীকীভাবে সদস্যদের মাঝে টি-শার্ট বিতরণ করা হয় এবং সবাই মিলে দমদমা কালিগঞ্জ পশ্চিমপাড়া মুন্সিবাড়ি জামে মসজিদ পরিষ্কার অভিযানে অংশ নেন। একইদিন সংগঠনের একজন সদস্য রক্তদান করেন। ইতোমধ্যে সংস্থাটির এমন কার্যক্রম স্থানীয়দের প্রশংসা ও স্বতঃস্ফূর্ত সমর্থন কুড়িয়েছে।

সংগঠনটির উদ্যোক্তারা জানান, কোন সংস্থাই একার পক্ষে পরিচালনা সম্ভব নয়। তাই সকলের সহযোগিতায় তারা এগিয়ে যেতে চান। সংগঠনের নতুন সদস্য হতে ইচ্ছুক কেউ চাইলে নির্ধারিত যাচাইকরণ ও সম্মতিপত্র পূরণ করে সদস্য হিসেবে যুক্ত হতে পারবেন।

সংস্থাটি সময়োপযোগী ও প্রযুক্তিবান্ধব পদ্ধতিতে পরিচালনার জন্য বর্তমানে একটি অনলাইন সফটওয়্যার সিস্টেম তৈরি করছে, যেখানে স্বেচ্ছাসেবীদের কার্যক্রম, উপস্থিতি, সদস্য যুক্তকরণসহ সব তথ্য সংরক্ষণ থাকবে ডিজিটালভাবে। এছাড়া যোগাযোগ সহজ করতে চালু করা হয়েছে একটি আধুনিক ☐☐☐☐☐ ☐☐☐ হেল্পলাইন ☐☐☐☐☐ ☐☐☐☐☐☐ – যেখানে নির্দিষ্ট ডিপার্টমেন্ট অনুযায়ী কলকারীরা প্রয়োজনীয় সহায়তা ও তথ্য জানতে পারবেন। এছাড়া বর্তমানে সংস্থার কার্যক্রম শুধুমাত্র দমদমা কালিগঞ্জ এলাকায় সীমাবদ্ধ থাকলেও ভবিষ্যতে এই সেবামূলক কাজ আশেপাশের বিভিন্ন গ্রাম ও অঞ্চলে বিস্তৃত করার পরিকল্পনা রয়েছে।

সংগঠন শেরপুর